দৈনিক
ইত্তেফাক

07 AUG 2015
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিকের বই ছাপাতে অনিয়মরোধে কমিটি

## দুর্গম অঞ্চলের শিক্ষকদের বিশেষ ভাতার সুপারিশ

■ ইত্তেফাক রিপোর্ট

প্রাথমিকের বই ছাপার কাজে যেন অনিয়ম না হয় সেজন্য ছাপার কাজ তদারকি করতে পাঁচ সদস্যের একটি সংসদীয় উপ-কমিটি গঠন করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল বৃহস্পতিবার সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এই উপ-কমিটি গঠন করা হয়। বই ছাপানো থেকে শুরু করে শিক্ষার্থীদের হাতে পৌঁছে দেয়া পর্যন্ত পুরো কার্যক্রম উপ-কমিটি তদারকি করবে। কাজের মান ঠিক আছে কি-না সেদিকে নজর রাখবে উপ-কমিটি। সার্বিক বিষয়ে উপ-কমিটিকে পরবর্তীতে প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করেছে মূল কমিটি।

কমিটির সভাপতি মোতাহার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে কমিটির সদস্য সামশুল হক চৌধুরীকে আহ্বায়ক করে এই উপ-কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যরা হলেন- নজরুল ইসলাম বাবু, আলী আজম, মোহাম্মদ ইলিয়াছ ও উম্মে রাজিয়া কাজল।

বৈঠক শেষে কমিটি সভাপতি মোতাহার হোসেন সাংবাদিকদের বলেন, প্রাথমিকের বই ছাপানোর ক্ষেত্রে কোনো অনিয়ম বরদাস্ত করা হবে না। দেশি বা বিদেশি, 'সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকেই বই ছাপানোর দায়িত্ব দেয়া হয়েছে। আমাদের কথা ভালো মানের কাগজে যারা সর্বনিম্ন দামে ছাপাতে পারবে তাদেরই কাজ দিতে হবে। এখানে দুর্নীতির আশ্রয় নেয়ার সুযোগ নেই।

সভাপতি জানান, গতকালের বৈঠকে প্রাথমিক শিক্ষক নিয়োগ নিয়েও কথা হয়েছে। এ ব্যাপারে আদালতের মামলা দ্রুত নিষ্পত্তি করে নিয়োগের সুপারিশ করা হয়। এছাড়া পাহাড়ি ভাতার মতো দুর্গম,হাওর, চর ও চা বাগান এলাকার শিক্ষকদেরও বিশেষ ভাতার আওতায় আনার সুপারিশ করেছে সংসদীয় কমিটি।

দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ে জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের দ্রুততম সময়ের মধ্যে বেতনভাতা পরিশোধে জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরও সুপারিশ করা হয়েছে। এছাড়াও বৈঠকে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির গবেষণা কার্যক্রমকে সম্প্রসারণ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। বৈঠকে কমিটির সদস্য- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান, আ.খ.ম জাহাঙ্গীর হোসাইন, সামশুল হক চৌধুরী, নজরুল ইসলাম বাবু, আলী আজম, মোহাম্মদ ইলিয়াছ ও উম্মে রাজিয়া কাজল অংশ নেন।